

ভা.বতী.য়জ্ঞতা পার্টি

১১ অশোক রোড, নয়াদিল্লি- ১১০ ০০১

টেলিফোন: ২৩০০৫৭০০, ফ্যাক্স- ২৩০০৫৭৮৭

বিজেপির জাতীয় সহ-সভাপতি মুখ্যতার আবাস নাকভির প্রেস বিবৃতি

নয়াদিল্লি, ১৩ ডিসেম্বর, ২০১৩: আগামী ১৫ ডিসেম্বর লৌহমানব সর্দার প্যাটেলের মৃত্যুবার্ষিকীতে বিজেপি "সংহতির জন্য দৌড়" কর্মসূচিতে অংশ নেবে। তার আগে "সুরজ" ও মর্যাদার শপথগ্রহণ অনুষ্ঠান হবে বলে জানিয়েছেন দলের সহ সভাপতি কেন্দ্রীয় কর্মসূচির কোঅর্ডিনেটর মুখ্যতার আবাস নাকভি।

নাকভি জানিয়েছেন, বিজেপির প্রধানমন্ত্রী পদপ্রার্থী ও গুজরাতের মুখ্যমন্ত্রী নরেন্দ্র মোদীর ঘোষণা অনুযায়ী সর্দার প্যাটেলের বিশ্বের সর্বোচ্চ মূর্তি স্থাপনের জন্য লোহা ও মাটি সংগ্রহের কর্মসূচি নেওয়া হয়েছে। এই কর্মসূচি শুরুর আগে দেশজুড়ে 'সংহতির জন্য দৌড়' কর্মসূচিতে সাংস্কৃতিক, কীড়া, ধর্মীয় সহ সমাজের বিভিন্ন স্তরের মানুষ অংশ নেবেন। সর্বত্র 'সংহতির জন্য দৌড়'-এর দূরত্ব হবে দুই কিমি।

নাকভি জানিয়েছেন, 'সংহতির জন্য দৌড়' এবং 'লোহা সংগ্রহ- মাটি সংগ্রহ' কর্মসূচিতে প্রবীণ জাতীয় নেতৃত্ব ছাড়াও মুখ্যমন্ত্রী, সাংসদ, বিধায়ক ও জনপ্রতিনিধিরা, রাজ্য, জেলা ও ব্লক স্তরের নেতারা অংশ নেবেন। এই 'রাষ্ট্রীয় ত্রিপথ' নির্মাণ হবে দেশের সব গ্রামের প্রতিটি মানুষের সক্রিয় সমর্থনে এবং এই নির্মাণ গর্বের ও অনুপ্রেরণার স্তল হয়ে উঠবে।

নাকভি বলেছেন, গুজরাতের সর্দার সরোবর জলাধারের পাশে উচ্চতায় আমেরিকার 'স্ট্যাচু অব লিবাটি'র দ্বিগুণ এই লৌহমানবের মূর্তি স্থাপিত হবে। সর্দার প্যাটেল ৫৬৫টি ক্ষুদ্র রাজ্যকে দেশের সঙ্গে জুড়ে ছিলেন। সে কারণে এই মূর্তির নাম 'স্ট্যাচু অব ইউনিটি'। গুজরাতের মুখ্যমন্ত্রী ও ভাবী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর এটা স্বপ্নের প্রকল্প। সর্দারের বিশাল ব্যক্তিত্বের সঙ্গে সামঞ্জস্য রেখে মূর্তির উচ্চতা হবে ১৮২ মিটার অর্থাৎ ৬০০ ফুট যা কিনা ৬০তলা অট্টালিকার সমান। সেখানে স্ট্যাচু অব লিবাটির উচ্চতা ৯৩ মিটার।

নাকভি জানিয়েছেন, এই কর্মসূচিতে গোটা দেশকে এক সূত্রে বাঁধার লক্ষ্যে নরেন্দ্র মোদীর পক্ষ থেকে সব গ্রামের শরপঞ্চকে চিঠি দেওয়া হবে। এই উপলক্ষে সর্দার বল্লভভাই প্যাটেল ন্যাশনাল ইউনিটি ট্রাস্ট সমস্ত ক্ষুলে বক্তৃতা, রচনা ও অক্ষন প্রতিযোগিতার আয়োজন করছে। জেলাস্তরে হবে লোকগীতি প্রতিযোগিতা। এই সব প্রতিযোগিতায় তুলে ধরা হবে সর্দারের জীবনী নিয়ে নরেন্দ্র মোদীর জাতীয় ঐক্যের প্রয়াস 'সুরজ'।

নাকভি জানিয়েছেন, এই কর্মসূচিতে একাত্ম হওয়ার জন্য ১৬ থেকে ২৬ জানুয়ারির মধ্যে

দেশের সমস্ত শহর ও গ্রামের কোটি কেটি মানুষের সহি সংগ্রহ করা হবে এবং গ্রামের মাটি ও কৃষকদের ব্যবহার করা লোহার টুকরো এবং গ্রাম প্রধানের ছবি প্রতিটি গ্রাম থেকে সংগ্রহ করা হবে।

লোহা সংগ্রহ কর্মসূচির ন্যাশনাল কোঅর্ডিনেটর ওমপ্রকাশ ধনকড় জানিয়েছেন, প্রতিটি গ্রামে সংগ্রাহক দল গিয়ে লোহা ও মাটি সংগ্রহ করবে। বিজেপির বিভিন্ন জেলা সংগঠনের মাধ্যমে ট্রাস্ট থেকে সংগ্রহের জন্য বাস্তু দেওয়া হবে। গ্রামবাসীরা অনুষ্ঠান করে গুজরাত থেকে নরেন্দ্র মোদির পাঠানো গাড়িতে তুলে দেবেন লোহা ও মাটি। এই প্রচারের জন্য যোগাযোগ করা যাবে টোল ফ্রি নম্বর ১৮০০২৩০৩১১০-এ এবং www.runforunity.com এবং www.statuofunity.in-এ অথবা ০৮০০০৯৮০০০৯-নম্বরে।

নাকভি জানিয়েছেন, আমেদাবাদে উপস্থিত থাকবেন দলের প্রবীণ নেতা লালকৃষ্ণ আডবাণী। দিল্লিতে উপস্থিত থাকবেন নরেন্দ্র মোদী, রাজনাথ সিং, অরুণ জেটলি, মুরলীমন্তেহর যোশি ও রামলালজি, ভূপালে থাকবেন সুষমা স্বরাজ, মুম্বইয়ে থাকবেন এম বেঙ্কাইয়া নাইডু ও গোপীনাথ মুণ্ডে, নাগপুরে নীতিন গড়করী, বেঙ্গালোরে অনন্ত কুমার, ইন্দোরে থওরচাঁদ গেহলট, আগ্রায় মুখতার আববাস নাকভি, ওরঙ্গাবাদে যশোবন্ত সিনহা, পাটনায় রবিশংকর প্রসাদ, সুশীলকুমার মোদী, ধর্মেন্দ্র প্রধান, হরিয়ানায় অমিত শাহ, বিহারে পুরুষোত্তম ভাই রঞ্জালা, লখনউয়ে মুরলীধর রাও, পাঞ্চাবে রাজীবপ্রতাপ রঞ্জি, হায়দরাবাদে প্রকাশ জাভাড়েকর, বেঙ্গালুরুতে পীয়ষ গোয়েল, কানপুরে বিনয় কাটিহার, অসমে এস এস আলুওয়ালিয়া, মিরাটে বলবীর পুঞ্জ, ওড়িশায় চন্দন মিত্র, জয়পুরে ভূপেন্দ্র যাদব, তামিলনাড়ুতে নির্মলা সীতারামন, পশ্চিমবঙ্গে স্মৃতি ইরানি, কেরালায় মীনাক্ষী লেখি, গাজিয়াবাদে কলরাজ মিশ্র, পুদুচেরিতে ক্যাপটেন অভিমন্ত্যু, আন্দামান-নিকোবরে শ্যাম জাজু, রায়পুরে সরোজ পাল্লে, জন্মতে অনুরাগ ঠাকুর, চন্দ্রিগড়ে ওমপ্রকাশ ধনকড়, মুম্বইয়ে পুনম মহাজন, বারাণসীতে লক্ষ্মীকান্ত বাজপেয়ী, কর্ণাটকে কে লক্ষ্মণ, হরিয়ানায় ছুকুম দেব যাদব, এলাহাবাদে সিদ্ধার্থ নাথ সিং, মথুরায় শ্রীকান্ত শর্মা, রাঁচিতে সরয়ু রাই, মোরাদাবাদে বিজয়পাল তোমার। অন্যান্য প্রবীণ নেতারাও দেশজুড়ে এই কর্মসূচিতে অংশ নেবেন।

অরুণ কুমার জৈন
অফিস সেক্রেটারি